# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং-মাপৌ/প্রশাঃসাধাঃ-২০২৪/১৪৭৮ তারিখঃ ২২/১২/২০২৪ খ্রিঃ

## মানিকগঞ্জ পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC) সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার নম্বর | : ০১ (এক) |
| সভার সভাপতি | : জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা ও চেয়ারপার্সন, শহর সমন্বয় কমিটি (TLCC) মানিকগঞ্জ পৌরসভা। |
| সভার নাম | : শহর সমন্বয় কমিটির (TLCC) সভা, মানিকগঞ্জ পৌরসভা। |
| সভার তারিখ | : ২২ ডিসেম্বর, ২০২৪ খ্রি. |
| সভার বার | : রবিবার |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : পৌরসভার সভা কক্ষ |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ : (পরিশিষ্ট-ক)

মানিকগঞ্জ পৌরসভার শহর সমন্বয় কমিটি (TLCC) সভার চেয়ারপার্সন ও পৌর প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, অদ্যকার শহর সমন্বয় কমিটির সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দদেরকে শুভেচ্ছা জানান এবং সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় পৌর নির্বাহী কর্মকর্তা চেয়ারপার্সন মহোদয়ের নির্দেশক্রমে শহর সমন্বয় কমিটি সভার কার্যক্রম শুরু করেন। পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকল সদস্যদেরকে নিজনিজ আসন থেকে পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানালে উপস্থিত সদস্যবৃন্দ পর্যায়ক্রমে তাদের পরিচয় প্রদান করেন। পৌর নির্বাহী কর্মকর্তা সকলের উদ্দেশ্যে বলেন, নবগঠিত শহর সমন্বয় কমিটির এটিই প্রথম সভা। ইতোমধ্যে এই কমিটির কার্যপরিধির উপর ১(এক)টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে এবং একটি ইনসেপশন সভা অনুষ্ঠিত হয়েছে। শহর সমন্বয় কমিটির প্রথম সভা হিসেবে কোন এজেন্ডা নির্ধারণ করা হয়নাই। তাই প্রশাসক মহোদয়ের নির্দেশনা মোতাবেক ওয়ার্ড ভিত্তিক সদস্যদের পর্যায়ক্রমে মতামত পেশ করার অনুরোধ জানান।

তৎপরিপ্রেক্ষিতে সভায় নিম্নে বর্ণিত আলোচনার পরিপ্রেক্ষিতে সুপারিশ সমূহ গৃহিত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | শহর সমন্বয় কমিটির ০৩ নং ওয়ার্ডের সম্মানিত সদস্য জনাব মাসউদুর রহমান সরকার উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জ্ঞাপন করেন। বিশেষ করে সভাকে অবহিত করেন যে, আমি ০৩নং ওয়ার্ডের বাসিন্দা হিসেবে | ০১। গঙ্গাধরপট্টি চাররাস্তার মোড় হতে পূর্ব দিকে অলিয়ার রহমানের বাড়ী হয়ে পোড়রা রাস্তা পর্যন্ত রাস্তাটি প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে। অল্প সময়ের | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা। |



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | গর্ববোধ করি। তার কারন মানিকগঞ্জের স্বনাম ধন্য শিক্ষা প্রতিষ্ঠাণ সমূহ ০৩নং ওয়ার্ডে অবস্থিত। পরিতাপের বিষয় হলো ০৩নং ওয়ার্ডটি পৌরসভার মধ্যে সবচেয়ে অবহেলিত। শহরে প্রবেশের একটি মাত্র রাস্তা যাহা প্রায় সময় যানজট লেগে থাকে। তাই আমি মনে করি যানজট নিরসন কল্পে গঙ্গাধরপট্টি চাররাস্তার মোড় হতে পূর্ব দিকে অলিয়ার রহমানের বাড়ী হয়ে পোড়রা রাস্তা পর্যন্ত রাস্তাটি বিকল্প রাস্তা হিসেবে উন্নয়ন কাজ বাস্তবায়ন করা যেতে পারে। আবার গঙ্গাধরপট্টি হতে উত্তর দিকে বাসষ্ট্যান্ড পর্যন্ত একটি বিকল্প রাস্তা হতে পারে। উল্লেখিত রাস্তা সমূহের জন্য মানিকগঞ্জ পৌরসভার মাধ্যমে প্রকল্প গ্রহণ করলে এলাকাবাসি রাস্তার জন্য জায়গা ছেড়ে দিবে। অপরিকল্পিত নগরায়ন জনসাধারণের কল্যাণ বয়ে আনেনা। তাই পৌরসভা হতে সুচিন্তিত মতামতের উপর ১০০ বছরের জন্য পলিসি গ্রহণ করা যেতে পারে। গঙ্গাধরপট্টি এলাকাতে হাজারো লোকের বসবাস। এলাকাটিতে বিভিন্ন স্থানে বৈদ্যুতিক লাইট নেই। যার ফলে খারাপ ছেলেরা বিভিন্ন ধরণের অপকর্মে লিপ্ত হয়। আমাদের বাড়ির সামনে পৌরসভার মাধ্যমে ড্রেন নির্মাণ করেছিল বর্তমানে তা অকেজো হয়ে পড়েছে। ড্রেন ভেঙ্গে ময়লা আবর্জনা আটকে দুর্গন্ধ ছড়িয়ে পরিবেশ দূষিত হচ্ছে। তাই পৌরসভার মাধ্যমে জরুরী ভিত্তিতে গঙ্গাধরপট্টি এলাকার ড্রেন পরিষ্কার করা বিশেষ প্রয়োজন। | মধ্যে টেন্ডার প্রক্রিয়া শুরু করার সুপারিশ গৃহিত হলো।<br>০২। গঙ্গাধরপট্টি এলাকাতে লাইটের ব্যবস্থা করার এবং ড্রেন পরিষ্কারের ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহিত হলো। | |
| ০২ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব অলিয়ার রহমান খান সভাকে অবহিত করেন যে, গঙ্গাধরপট্টি এলাকাতে একটি মাত্র ড্রেন রয়েছে যাহা পৌরসভার অবহেলায় জরাজীর্ণ হয়ে আছে। তিনি আরো বলেন পৌরসভার বিভিন্ন এলাকার জনসাধারণের মন্তব্য অতিতের তুলনায় বর্তমান এসেসমেন্টে পৌরসভার ধার্যকৃত কর বেশী ধার্য করা হয়েছে। পৌরসভা হতে শুধু ট্যাক্স গ্রহণ করবে কিন্তু জনসাধারণ কাঙ্খিত সেবা দেবে না সেটা মেনে নেয়া যায় না। তাই পৌর ট্যাক্স প্রদানে জনসাধারণের অনাগ্রহ এসেছে। যাহা খতিয়ে দেখা প্রয়োজন। | পৌর এলাকার ধার্যকৃত করের বিষয়ে কারো কোন আপত্তি বা অসঙ্গতি থাকলে গঠিত রিভিও বোর্ডের মাধ্যমে সমস্যার সমাধানের সুপারিশ করা হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |
| ০৩ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব মোঃ শামীম চৌধুরী সভাকে অবহিত করেন যে, গঙ্গাধরট্টি একটি জনবহুল | পৌরসভার পানি সরবরাহ শাখায় নিয়োজিত পানি সুপারকে পৌরসভার বিভিন্ন এলাকাতে পানি | |



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | এলাকা। এখানে জনসাধারণ ছাড়া ও প্রায় ১০(দশ) হাজার ছাত্রছাত্রী বসবাস করে। ছাত্রছাত্রীরা হোস্টেলে এবং বাসাবাড়িতে সুখের চেয়ে দূঃখ নিয়ে বসবাস করিতেছে। সময় মত তারা পৌরসভার পানি পাচ্ছেনা। তাই গঙ্গাধরপট্টি এলাকার জনসাধারণ ও ছাত্রছাত্রীদের বিষয়টি বিবেচনায় এনে পৌরসভার মাধ্যমে যাহাতে পর্যাপ্ত সুপেয় পানি পায় তার আবেদন জানাচ্ছি। | সরবরাহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ গৃহিত হলো। | সহকারী প্রকৌশলী (পানি) |
| ০৪ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব আয়েশা আক্তার সভাকে অবহিত করেন যে, ০৮নং ওয়ার্ডের বান্দুটিয়া আফতাবিয়া হাইস্কুলের আশপাশে জনসাধারণ নিয়মিত পৌরসভার পানি পায়না। তাই যেকোন একটাইম ফিক্সড করে আমাদের এলাকাতে পানি সরবরাহ করলে উপকৃত হবো। | | |
| ০৫ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব সাবিহা হাবিব সভাকে অবহিত করেন যে, ৫নং ওয়ার্ডের পূর্ব দাশড়া নবজাগরণ ক্লাব হয়ে ইস্তেমার মাঠ পর্যন্ত রাস্তাটি অতিবর্ষনে খানাখন্দ হয়ে আছে। রাস্তাটি দিয়ে এলাকার জনসাধারণ চলাফেরা করে তাই জরুরী ভিত্তিতে রাস্তাটি মেরামত করা প্রয়োজন। | প্রকৌশল বিভাগর মাধ্যমে রাস্তাটি সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহিত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা। |
| ০৬ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব লাভলী ইয়াসমিন রুমি সভাকে অবহিত করেন যে, স্টেডিয়াম রোডে প্রায় সময় পানি জমে থাকে। পানি জমে থাকার কারনে জনসাধারণের চলাচলে ভীষণ অসুবিধার সৃষ্টি হয় এবং স্টেডিয়ামের পেছন সাইডে বৈদ্যুতিক বাতি নেই। বৈদ্যুতিক বাতির কারণে মাঝেমধ্যেই অপ্রীতিকর ঘটনা ঘটে থাকে। তাই জরুরী ভিত্তিতে সমস্যা দুটি সমাধান করা প্রয়োজন। | প্রকৌশল বিভাগের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহিত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা। |
| ০৭ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব মোঃ জাকিরুল ইসলাম উপস্থিত সকলকে সালাম জানান। তিনি বলেন আমি ৬নং ওয়ার্ডের বাসিন্দা হিসেবে পৌর নাগরিক সুবিধা হতে বঞ্চিত হচ্ছি। আমার ওয়ার্ডে পৌরসভার মাধ্যমে বিভিন্ন সমস্যার সমাধান হয়েছে কিন্তু পরিপূর্ণ সমাধান হয় নাই। দুধবাজার হতে সিংগাইর রোডে ড্রেনের উপর স্লাব নেই। জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হয়। পশ্চিম দাশড়া জালখোলা এলাকার ড্রেন নোংরা পানিতে ভরে উপচে পড়ছে কিন্তু দেখার মত কেউ নেই। তিতুমীর | প্রকৌশল বিভাগের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহিত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা। |



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | একাডেমীর সম্মুখ ভাগের রাস্তা পানিতে ডুবে যায়। ছাত্রছাত্রী এবং এলাকার জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হয়। এ বিষয়ে পৌরসভায় বারবার আবেদন দাখিল করার পর ও কোন প্রতিকার পাওয়া যায় নাই। আমরা পৌর ট্যাক্স পরিশোধ করবো কিন্তু পৌরসভায় বসবাস করে নুন্যতম নাগরিক সুবিধা আমরা পাই না এখানেই আমাদের দু:খ। দীর্ঘ দিন পৌরসভার লাইনের পানি পাই না, পানি না পাওয়ার কারনে পানির বিল বন্ধ করে দিয়েছি। পৌরসভার বিভিন্ন সেবা হতে আমরা বঞ্চিত হচ্ছি। আমরা যে প্রথম শ্রেণীর পৌরসভার নাগরিক সেটা মন থেকে মানতে পারছিনা। | | |
| ০৮ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব এ্যাডভোকেট সালাউদ্দিন তিনি সভাকে অবহিত করেন যে, শহরের প্রবেশের একটি মাত্র রাস্তা তাও প্রায় সময় বিভিন্ন ভ্রাম্যমান দোকানদারগণ রাস্তাটি অবরোধ করে রাখেন। বিষয়টি পৌরসভা কর্তৃপক্ষকে গুরুত্বের সহিত দেখা প্রয়োজন। উত্তর সেওতা শহীদ টিটু সড়কের জিন্না সাহেবের বাড়ির সামনের রাস্তা খালখন্দল হয়ে আছে। যানবাহন এবং জনসাধারণের চলাচলে ভীষণ অসুবিধার সৃষ্টি হয়। রাস্তাটি মেরামত করা প্রয়োজন। সেওতা কবরস্থানের সম্মূখে পানির লাইন নিয়মিত ওভারফ্লো হয়ে রাস্তায় পানি জমে জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হয়। আবার সেখানকার বৈদ্যুতিক খুঁটিতে বাতি নেই। আমার মনে হয় পৌর কর্তৃপক্ষের কারো নজরে এটি পড়ে না। তাই বিষয় সমূহ জরুরী ভিত্তিতে পৌরসভার মাধ্যমে সমাধানের আবেদন জানাচ্ছি। | প্রকৌশল বিভাগের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহিত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা। |
| ০৯ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব রিয়াজ মাহমুদ হারেজ সভাকে অবহিত করেন যে, ০১নং ওয়ার্ডের জেলা পরিষদের পূর্বপার্শ্বে বসবাস করি। আমার এলাকাতে প্রায় ৫০০ (পাঁচশত) টি ঘরবাড়ি রয়েছে। প্রতিটি বাড়িতেই ছাত্রছাত্রী রয়েছে। কিন্তু যাতায়াতের তেমন রাস্তা নেই। তাই আমার বসবাসের এলাকাতে জনসাধারণের জীবন মান উন্নয়নে এবং পৌরসভার নাগরিক সুবিধা পেতে রাস্তা এবং ড্রেন নির্মাণ বিশেষ প্রয়োজন। তিনি আরো বলেন, শহরে চিত্তবিনোদনের তেমন কোন জায়গা নেই বল্লেই চলে। শহরে সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের একটি খেলার মাঠ রয়েছে। সেই মাঠটি ও সারা বৎসর বিভিন্ন | মানিকগঞ্জ সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের মাঠটি সার্বক্ষণিক পরিস্কার পরিছন্ন রাখার জন্য স্বেচ্ছা শ্রমে ০৪(চার) জন স্কাউডের সদস্য মনোনয়ের সুপারিশ সহ প্রকৌশল শাখার মাধ্যমে জেলা পরিষদের পূর্বপার্শ্বে সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহিত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা। |



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ধরণের মেলা ও অনুষ্ঠানে বুকিং থাকে এবং প্রায় সময় নোংরা অবস্থায় থাকে। তিনি পৌরসভার মাধ্যমে মাঠটি পরিষ্কার পরিচ্ছন্ন রাখার আবেদন জানান। তিনি আরো বলেন পৌরসভার মাস্টার প্ল্যান থাকা প্রয়োজন। বহুতল ভবন অনুমোদনের সময় রাস্তার প্রশস্তের দিক বিবেচনায় স্কেচ করে অনুমোদন দেওয়া প্রয়োজন। ভবন নির্মাণের সময় পৌরসভার মাধ্যমে তদারকি করে ইমারত নির্মাণ বিধিমালা ও বিল্ডিং কোড যথাযথ ভাবে অনুসরণ করে সুচিন্তিত পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। পূর্বে যাই হোক এখন হতে পৌরসভাকে পরিকল্পিত নগর করে তুলতে হবে।<br>শহর সমন্বয় কমিটির সদস্য জনাব রিয়াজ মাহমুদ হারেজ এর বক্তব্যের পরিপ্রেক্ষিতে ০৩ নং ওয়ার্ডের শহর সমন্বয় কমিটির সম্মানিত সদস্য জনাব মাসউদুর রহমান সরকার অদ্যকার সভার চেয়ারপার্সনের দৃষ্টি আকর্ষণ করে বলেন, রোভার স্কাউডের সদস্যদের সমন্বয়ে সেচ্ছাশ্রমে মাধ্যমে সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের মাঠটি নিয়মিত ভাবে পরিস্কার পরিচ্ছন্ন রাখা যেতে পারে। | | |
| ১০ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব আলেয়া রহমান সভাকে অবহিত করেন যে, উত্তর সেওতা কবরস্থান রাস্তাটি সরু হওয়ায় দুটি গাড়ি একত্রে যাতায়াত করতে পারেনা। রাস্তাটি বর্তমানে ভাঙ্গাচুড়া তাই রাস্তাটি প্রশস্ত সহ মেরামত করা বিশেষ প্রয়োজন। | প্রকৌশল বিভাগের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ গৃহিত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা। |
| ১১ | শহর সমন্বয় কমিটির সদস্য জনাব গাজী ফাতিমা ফেরদৌস, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ- সভাকে অবহিত করেন যে, শীত মৌসুমে পানির স্তর নিচে নেমে যায়। যার কারনে কাঙ্খিত পানি সরবরাহের সেবা নিশ্চিত করা সম্ভব হয়না। পৌর পানি সরবরাহ শাখায় নিয়োজিত সহকারী প্রকৌশলী(পানি) প্রতিনিয়ত আমাদের অফিসের সহিত যোগাযোগ রক্ষা করে আসছে। কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষনিক আমার সহিত যোগাযোগের চেষ্টা করে। প্রকল্প অফিসে আমি যোগাযোগ করেছি। প্রকল্প অফিসের কাজ দীর্ঘ্য মেয়াদী। বর্তমানে পানির যেটুকু সমস্যা আছে ইনশাল্লাহ সমাধানের চেষ্টা করবো। মৌলিক চাহিদার মধ্যে অন্যতম পানি। পানির স্তর নিচে নামাতে এবং বিদ্যুৎ বিভ্রাটের কারণ এই ক্রাইসিস মোমেন্টে পানির | পানি শাখার তত্ত্বাবধায়নে দ্রুততম সময়ে পৌর এলাকার পানির সমস্যা সমাধানের সুপারিশ গৃহিত হলো। | সহকারী প্রকৌশলী(পানি) মানিকগঞ্জ পৌরসভা। |



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | পর্যাপ্ত সেবা দেওয়াটা ডিফিকাল্ট। তার পরও সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাব গ্রাহকদের বিশুদ্ধ পানির ব্যবস্থা করার। | | |
| ১২ | শহর সমন্বয় কমিটির সদস্য মোঃ আমীর হোসেন, জেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, আমার বাড়ি আমার জায়গা আমি আগে পরিস্কার করবো। তার কারণ পরিবার থেকেই বাচ্চারা শিক্ষা গ্রহণ করে। শিক্ষাই জাতির মেরুদন্ড। যে জাতি যত শিক্ষিত সে জাতি তত উন্নত। প্রতিটি বাচ্চাই দেখে দেখে সবকিছুর জ্ঞান অর্জন করে। আমাদের নিজেদেরকে সচেতন থাকতে হবে নিজেদের বাচ্চাদেরকে শিক্ষা দিতে হবে। যথাযথ শিক্ষা পেলে কোন বাচ্চা আর মাঠে ময়দানে ময়লা ফেলবে না। তাই মাঠে ময়দানে রাস্তা ঘাটে যে যেখানেই সমবেত হই, ইচ্ছে করলে তার নিজের ময়লা নিজের উদ্যোগে সংরক্ষণ করে নিকস্থ ডাস্টবিনে ফেলতে পারি। আমাদের দেখে আগামীর প্রজন্ম শিক্ষা নেবে। | মানিকগঞ্জ পৌরসভার গঠিত বিভিন্ন কমিটির সভা সমাবেশের মাধ্যমে জনসাধারণকে পৌর এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষে পরামর্শ প্রদান সহ কার্যকরী ব্যবস্থা গ্রহনের সুপারিশ গৃহিত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |
| ১৩ | পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) প্রকল্পের নির্দেশনা মোতাবেক পৌরসভার বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে। তিনি আরো বলেন প্রকল্পের নিয়মানুযায়ী ওয়ার্ড কমিটি ও স্থায়ী কমিটির সভার সুপারিশ সমূহ শহর সমন্বয় কমিটির সভায় পর্যালোচনা ও সুপারিশের পরিপ্রেক্ষিতে পৌরসভার কর্ম সম্পাদন সহায়তা কমিটির মাসিক সভায় অনুমোদন করতে হবে। তাই শহর সমন্বয় কমিটি, ওয়ার্ড কমিটি, বিভিন্ন স্থায়ী কমিটি সহ অন্যান্য কমিটির সভার দিন ধার্য হলে কমিটির সদস্যগণকে সভায় অংশ গ্রহণের অনুরোধ জানান। প্রতি পাঁচ বৎসর অন্তর পৌর এলাকার জেনারেল এসেসমেন্ট করতে হয়। প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক জেনারেল এসেসমেন্টের কাজ সম্পন্ন হয়েছে। রিভিউ কমিটির মাধ্যমে শুনানী গ্রহণ পূর্বক কর ধার্য চূড়ান্ত করণের কাজ চলমান অবস্থায় রয়েছে। অল্প সময়ের মধ্যে আগামী পাঁচ বৎসরের জন্য পৌর হোল্ডিং কর ধার্য চূড়ান্ত হবে। তিনি | ০১। অল্প সময়ের মধ্যে আপিল আবেদন শুনানী শেষ করে গঠিত কমিটির মাধ্যমে হোল্ডিং কর চূড়ান্ত করার সুপারিশ গৃহিত হলো।<br>০২। ০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধন করার বিষয়ে মানিকগঞ্জ পৌরসভার গঠিত বিভিন্ন কমিটির সভা সমাবেশের মাধ্যমে উদ্বুদ্ধ করার সুপারিশ গৃহিত হলো।<br>০৩। আবেদিত স্থান হতে কসাইখানা অপসারণের সুপারিশ গৃহিত হলো।<br>০৪। নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) প্রকল্পের মাধ্যমে টেন্ডার প্রক্রিয়াধীন প্রকল্প সমূহ প্রকল্প অফিসের অনুমোদনের পর যথা সময়ে বাস্তবায়ন করার সুপারিশ গৃহিত হলো।<br>০৫। উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, শহর সমাজসেবা কার্যালয়, মানিকগঞ্জ-এর মাধ্যমে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের দরিদ্র জনগোষ্ঠির মধ্যে ১০(দশ) জন কম্পিউটার ও ১৫(পনের) জনকে সেলাই প্রশিক্ষণের বিষটি অনুমোদনের সুপারিশ গৃহিত হলো।<br>০৬। গত ২১/১১/২০২৪ খ্রি.তারিখ "শহর সমন্বয় কমিটির (TLCC) গঠন ও কার্যপরিধি বিষয়ক" | পৌর নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা |



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচনা</th><th>সুপারিশ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>আরো বলেন ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক। প্রদেয় টার্গেট অনুযায়ী জন্ম নিবন্ধন করা যাচ্ছে না। তাই অদ্যকার সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণ যার যার এলাকার লিডারশীপের দায়িত্ব পালন করে থাকেন। তাই আপনাদের ভূমিকা অপরিহার্য। আপনার আশপাশে কোন শিশু থাকলে তাদের অভিবাবকদেরকে সবিনয়ে বুঝিয়ে জন্ম নিবন্ধন করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি। তিনি আরো বলেন ঢাকা-আরিচা হাইওয়ে রাস্তার পাশের কসাইখানা অপসারণের জন্য এলাকাবাসি এক আবেদন করেছেন। আবেদনে উল্লেখ করেছেন, আবেদিত স্থানে কসাইখানা থাকার কারণে পরিবেশ দূষিত হচ্ছে। শহরের যানজট নিরসন কল্পে উচ্ছেদ অভিযান কার্যক্রম চলমান অবস্থায় রয়েছে। তাই অভিযান পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) প্রকল্পের মাধ্যমে ০২(দুই) টি প্যাকেজের ইতোমধ্যে টেন্ডার আহবান করা হয়েছে। আরো ৩(তিন) টি প্যাকেজের কাজ টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। গুরুত্বের দিক বিবেচনায় পর্যায়ক্রমে ওয়ার্ড ভিত্তিক বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করা হবে। পৌরসভায় বিভিন্ন ধরনের সমস্যা রয়েছে। সব সমস্যা একসাথে সমাধান করা সম্ভব নয়।<br><br>পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে আরো অবহিত করেন যে, বাংলাদেশ সরকার ADB ও AFD এর সহায়তায় নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন (IUGIP) প্রকল্পের অন্তর্ভুক্ত পৌরসভা সমূহে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের নির্দেশনা রয়েছে। উল্লেখ্য যে, দরিদ্র জনগোষ্ঠির জীবনমান উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহণের লক্ষে পৌরসভার বাজেটে অর্থ বরাদ্দ রয়েছে এবং বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট বিষয়ে খরচের নির্দেশনা রয়েছে।</td><td>প্রশিক্ষণের বিষয় এবং গত ২৫ নভেম্বর, ২০২৪ মানিকগঞ্জ পৌরসভার মহাপরিকল্পনা (Master Plan) প্রণয়ণে ডেভলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিমিটেড (DDCL) মহাপরিকল্পনা (Master Plan) প্রণয়নের জন্য Inception পর্যায়ে মতবিনিময় কর্মশালার (Workshop) বিষটি অনুমোদনের সুপারিশ গৃহিত হলো।<br><br>০৭। জেন্ডার সমতা সামাজিক অর্ন্তভূক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) এবং দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা (PRAP)-এর প্রস্তুতকৃত কর্মপরিকল্পন অনুমোদনের সুপারিশ গৃহিত হলো।<br><br>০৮। প্রতিটি ওয়ার্ডে উঠান বৈঠক করার সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br><br>০৯। IUGIP প্রকল্পের নির্দেশনা মোতাবেক উল্লেখিত প্রকল্প সমূহ বাস্তবায়নে সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br><br>১০। আগামী শহর সমন্বয় কমিটির সভার পূর্বে উন্নয়ন বাজেটের আওতায় বরাদ্দকৃত অর্থে প্রয়োজনে প্রকল্প নির্বাচনের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br><br>১১। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে মানিকগঞ্জ পৌরসভার তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (GRC) গঠণ করার সুপারিশ গৃহিত হলো।<br><br><table><tr><th>ক্রঃ নং-</th><th>সদস্যদের নাম ও পদবি</th><th>কমিটির পদবি</th></tr><tr><td>০১</td><td>জনাব মোঃ বজলুর রহমান<br>পৌর নির্বাহী কর্মকর্তা<br>মানিকগঞ্জ পৌরসভা</td><td>সভাপতি</td></tr><tr><td>০২</td><td>সংশ্লিষ্ট ওয়ার্ডের পৌর কর্মসম্পাদন সহায়ক কমিটির সদস্য, মানিকগঞ্জ পৌরসভা</td><td>সদস্য</td></tr><tr><td>০৩</td><td>জনাব সেলিনা আক্তার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মানিকগঞ্জ পৌরসভা</td><td>সদস্য</td></tr><tr><td>০৪</td><td>জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম<br>প্রধান সহকারী<br>মানিকগঞ্জ পৌরসভা</td><td>সদস্য</td></tr><tr><td>০৫</td><td>জনাব মাসুমা আক্তার মুক্তি<br>এনজিও প্রতিনিধি</td><td>সদস্য</td></tr><tr><td>০৬</td><td>ক্ষতিগ্রস্থ ব্যক্তি/অভিযোগকারী</td><td>আমন্ত্রিত ব্যক্তি</td></tr></table></td><td></td></tr>
</table>



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, শহর সমাজসেবা কার্যালয়, মানিকগঞ্জ-এর মাধ্যমে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের দরিদ্র জনগোষ্ঠির মধ্যে ১০(দশ) জন কম্পিউটার ও ১৫(পনের) জনকে সেলাই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। উক্ত প্রশিক্ষণের ব্যয়ভার পৌরসভার রাজস্ব তহবিল হতে বহন করা হবে।<br>তিনি সভাকে আরো অবহিত করেন যে, ২১/১১/২০২৪ খ্রি.তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ সরকার, ADB এবং AFD এর অর্থায়নে বাস্তবায়নাধীন "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প" IUGIP কর্তৃক আয়োজিত মানিকগঞ্জ পৌরসভার নবগঠিত শহর সমন্বয় কমিটির (TLCC) গঠন ও কার্যপরিধি বিষয়ক" প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় এবং গত ২৫ নভেম্বর, ২০২৪ রোজ সোমবার বাংলাদেশ সরকার, ADB & AFD সহায়তাপুষ্ট "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন (IUGIP) প্রকল্পের আওতায় মানিকগঞ্জ পৌরসভার মহাপরিকল্পনা (Master Plan) প্রণয়ণে ডেভলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিমিটেড (DDCL) মহাপরিকল্পনা (Master Plan) প্রণয়নের জন্য Inception পর্যায়ে শহর সমন্বয় কমিটির (TLCC) এর মতবিনিময় কর্মশালা (Workshop) দিন ব্যাপী অনুষ্ঠিত হয়।<br>তিনি আরো বলেন যে, জেন্ডার সমতা সামাজিক অর্ন্তভূক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) এবং দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা (PRAP)-এর কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা সমূহ সভায় উপস্থাপন করা হয়।<br>তিনি আরো বলেন, দরিদ্র ও অনগ্রসর মানুষদের সচেতন করা সহ তাদের জীবন মান উন্নত করা এবং প্রকল্পের বিভিন্ন বিষয় তাদেরকে অবহিত করার জন্য প্রতিটি ওয়ার্ডে উঠান বৈঠক করার জন্য প্রকল্প হতে নির্দেশনা রয়েছে এবং প্রকল্প হতে খরচ বরাদ্দ দেওয়া হয়েছে।<br>তিনি আরো বলেন যে, IUGIP প্রকল্পের মধ্যে ০৫(পাঁচ) টি প্যাকেজের মোট ৪৯ (উনপঞ্চাশ) টি উপ-প্রকল্পের বিপরীতে সর্বমোট ৫৯,২৯,৩২,৪৪৪/- (উনষাট কোটি উনত্রিশ লক্ষ বত্রিশ হাজার চারশত চুয়াল্লিশ) টাকার প্রাক্কলন, পিডিপি ও পূর্ববর্তী পৌর পরিষদ সভার সিদ্ধান্ত | | |



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | মোতাবেক প্রকল্প সমূহ প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। তনমধ্যে ১ম ২য় ও ৩য় প্যাকেজের টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে এবং প্রকল্পের গুরুত্বের দিক বিবেচনায় আরো ১৬(ষোল) টি প্রকল্পের সর্বমোট ২৭,৪৯,৫৭,৩৫১/= (সাতাশ কোটি উনপঞ্চাশ লক্ষ সাতান্ন হাজার তিনশত একান্ন) টাকার প্রাক্কলন গ্রহণ পূর্বক প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। উল্লেখিত প্রকল্প সমূহ সভায় উপস্থাপন করা হলো এবং অবহিত করা হলো।<br>পৌর নির্বাহী কর্মকর্তা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০. ০৬৪.১৫.১৩১.২২-৯৪৯ তারিখ : ০৮-১০-২০২৪ খ্রি. এর পত্রটি সভায় উপস্থাপন করেন এবং সকলকে অবহিত করেন যে, বর্ণিত পত্রের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের উন্নয়ন বাজেটে উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ খাতে ১ম কিস্তির ২৯,৬২,৫০০/-( উনত্রিশ লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। সাধারণত প্রতি অর্থ বছরে ৪(চার) টি কিস্তির মাধ্যমে অর্থ বরাদ্দ পাওয়া যায়। সে প্রেক্ষিতে (২৯,৬২,৫০০ X ৪) = ১,১৮,৫০,০০০/- (এক কোটি আঠার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়ার সম্ভবনা রয়েছে। শহর সমন্বয় কমিটির সভা প্রতি ০৩(তিন) মাস অন্তর অন্তর অনুষ্ঠিত হয়। সে লক্ষে আগামী শহর সমন্বয় কমিটির সভার পূর্বে বরাদ্দকৃত ADP অর্থের প্রকল্প নির্বাচন করা হতে পারে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, বাংলাদেশ সরকার, ADB & AFD সহায়তায় বাস্তবায়নাধীন "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)" এর আওতায় প্রণীত IUGIP-এ বর্ণিত এরিয়া ১(ঘ) কার্যক্রম অনুযায়ী তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (GRC) গঠণ ও কার্যকর রাখার নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে মানিকগঞ্জ পৌরসভার স্মারক নং-মাপৌ/প্রশা-সাধাঃ ২০২৩-১৩৬২ তারিখ : ১৬-১১-২০২৪ খ্রি. এর অফিস আদেশ মোতাবেক তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (GRC) গঠণ করা হয়েছিল। বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে পূর্বের পরিষদ বিলুপ্ত হওয়ায় গঠিত কমিটির কার্যক্রম পরিচালনা করা সম্ভব হয়। তাই প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক পুনঃরায় মানিকগঞ্জ পৌরসভায় তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (GRC) গঠণ করা প্রয়োজন। উপরোক্ত বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠত হয়। সর্বোপরি তিনি সকলের উদ্দেশে | | |



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বলেন, আর্থিক স্বচ্ছলতা সাপেক্ষে সাধ্যের মধ্যে প্রথমে ইমারজেন্সী ক্রাইসিস মোকাবেলা করতে হবে। সে লক্ষে সকলের সহযোগিতা কামনা করেন। | | |

পরিশেষে অদ্যকার সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সার্বিক সহযোহিতা কামনা করেন এবং পৌরসভার আয়ের সহিত ব্যয়ের সঙ্গতি রেখে উপরোক্ত উত্থাপিত সমস্যাবলী পর্যায়ক্রমে সমাধানের আশা ব্যক্ত করে সকলের সুস্বাস্থ্য কামনায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হলো।

২২/১২/২৪

সানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ

(সানজিদা জেসমীন)
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
ও
চেয়ারপার্সন
পৌরসভা শহর সমন্বয় কমিটি(TLCC)
ফোন নম্বরঃ ০২-৯৯৬৬১০৪০৩
E-mail: manikganj_municipality@yahoo.com

স্মারক নং-মাপৌ/প্রশাঃসাধাঃ-২০২৪/১৪৭৮ তারিখঃ ২২/১২/২০২৪ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ-**

০১। সচিব , স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা

০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ

০৪। জনাব........:.............................................সদস্য, পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটি, মানিকগঞ্জ পৌরসভা

০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা

০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা

০৭। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইডের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করা হলো

০৮। সংশ্লিষ্ট নথি

২২/১২/২৪

সানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
চেয়ারপার্সন
পৌরসভা শহর সমন্বয় কমিটি(TLCC)